

তারিখ : বুধবার, ১৫ আশাট, ১৩১৪

ঊর্ধ্বরাজ্যের শিক্ষা, চিকিৎসা ও কৃষি ক্ষেত্রে নানা সংকট

৥ কাজী আব্দুল মোনামের ॥
গৌরীপুর (ময়মনসিংহ),
২২শে জুন।—ময়মনসিংহ জেলার
একটি গুরুত্বপূর্ণ উপজেলা ঊর্ধ্বর-
গঞ্জ। ময়মনসিংহ জেলা সদর
থেকে ২১ কিলোমিটার দূরে
কাঁচাঘাটের নদীর তীরে এ
উপজেলা অবস্থিত। মোট ১১টি
ইউনিয়নের ২৯৪টি মৌজা নিয়ে
এ উপজেলা গঠিত। এ উপ-
জেলার মোট লোক সংখ্যা প্রায়
৩ লাখ। উপজেলাটি শিক্ষা,
চিকিৎসা, কৃষি, যোগাযোগসহ
বিভিন্ন ক্ষেত্রে হাজারো সমস্যায়
জর্জরিত। ঊর্ধ্বরগঞ্জ উপজেলা
সদরের সাথে ১১টি ইউনিয়নের
যোগাযোগ ব্যবস্থা উন্নত নয়।
উপজেলার ১৫ মাইল রেল লাইন,
১৫ মাইল পাকা রাস্তা, ৩৭-১৬
মাইল কাঁচা রাস্তা রয়েছে। বৃষ্টির
দিনে কাঁচা রাস্তাগুলোর অবস্থা
খুবই করুণ হয়ে পড়ে। উপজেলা-
বাসী ময়মনসিংহ জেলা সদরের
সাথে যোগাযোগ ক্ষেত্রে বাসের
উপরই বেশী নির্ভরশীল। এছাড়া
উপজেলার কিছু সেতু-কালভার্ট
চলাচলের অনুপযোগী হয়ে
পড়েছে। উপজেলার উচাখিলা
থেকে আঠারবাড়ী রাস্তাটির অবস্থা
করুণ। এই রাস্তাটি পাকা করার
দাবী এলাকাবাসীর দীর্ঘদিনের।
এ উপজেলার ২টি ডিগ্রী কলেজ,
৩টি বালিকা উচ্চ বিদ্যালয়,
১৬টি উচ্চ বিদ্যালয়, ৬টি নিম্ন

মাধ্যমিক বিদ্যালয়, ৯০টি সর-
কারী প্রাথমিক বিদ্যালয়, ১২টি
বেসরকারী প্রাথমিক বিদ্যালয়,
১২টি সিনিয়র মাদ্রাসা, ৪টি
জুনিয়র মাদ্রাসা ও ৫০টি কোর-
কানিয়া মাদ্রাসা রয়েছে। কিন্তু
বর্তমানে অনেক শিক্ষা প্রতিষ্ঠান
নানা সমস্যায় জর্জরিত। এসব
শিক্ষা প্রতিষ্ঠানে অসবাবপত্রসহ
প্রয়োজনীয় শিক্ষা উপকরণের
অভাবে ছাত্রছাত্রীদের দুর্ভোগ
পোহাতে হচ্ছে। এছাড়া এ
উপজেলায় কোন উচ্চ বালক ও
বালিকা বিদ্যালয় আজও সরকারী-
করণ করা হয়নি।

০০
০০
০০
০০
০০